

## আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | الْمُطَفِّفِينَ

আয়াতঃ ৮৩ : ৭

আরবি মূল আয়াত:

كَلَّا إِنَّ كِتَابَ الْفُجَّارِ لَفِي سِجِّينٍ ﴿٧﴾

অনুবাদসমূহ:

কখনো নয়, নিশ্চয় পাপাচারীদের 'আমলনামা সিজ্জীনে।\* — আল-বায়ান

(তারা যে সব ধারণা করছে তা) কক্ষনো না, নিশ্চয়ই পাপীদের 'আমলনামা সিজ্জীনে (সংরক্ষিত) আছে। — তাইসিরুল

না, না, কখনই না; পাপাচারীদের 'আমলনামা নিশ্চয়ই সিজ্জীনে থাকে; — মুজিবুর রহমান

No! Indeed, the record of the wicked is in sijjeen. — Sahih International

\*সপ্তমীর নীচে অবস্থিত একটি স্থান। পাপীদের আমলনামা সেখানে রাখা হয়।

৭. কখনো না, পাপাচারীদের আমলনামা তো সিজ্জীনে(১) আছে।

(১) سِجِّين শব্দটি سِجْن থেকে গৃহীত। سِجْن এর অর্থ সংকীর্ণ জায়গায় বন্দী করা। [ইবন কাসীর] আর سِجِّين এর অর্থ চিরস্থায়ী কয়েদ। [মুয়াস্সার] এটি একটি বিশেষ স্থানের নাম। যেখানে কাফেরদের রুহ অবস্থান করে। অথবা এখানেই তাদের আমলনামা থাকে। [জালালাইন]

তাফসীরে জাকারিয়া

৭। না, কখনই না, পাপাচারীদের আমলনামা নিশ্চয়ই সিজ্জীনে থাকবে। [1]

[1] سِجِّين (সিজ্জীন): কেউ কেউ বলেন, এর উৎপত্তি سِجْن শব্দ থেকে; যার মানে জেলখানা। উদ্দেশ্য হল, জেলখানার মত একটি অতি সংকীর্ণ জায়গা। আর কেউ কেউ বলেন, এটি ভূগর্ভের সব থেকে নিচের অংশে একটি জায়গার নাম; যেখানে কাফের, অত্যাচারী এবং মুশরিকদের আত্মা এবং তাদের আমল-নামা জমা ও সংরক্ষিত থাকে। এই জন্য তাকে 'লিপিবদ্ধ পুস্তক' বলে অভিহিত করা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5855>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন